

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য মন্ত্রণালয়
সরবরাহ-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www. mofood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০০.০০০০.০০০.০৪৬.৫১.০০০১.২৬.৭৫

তারিখ: ১৪ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ
২৭ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: ওএমএস (উপজেলা) কার্যক্রমে মে ২০২৬ মাসে চাল বিক্রয়ের অনুমোদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে মে ২০২৬ মাসে মোট ১৭ কর্মদিবসে ওএমএস (উপজেলা) কার্যক্রমের আওতায় ৩৯৫টি উপজেলায় ৩৯৫x১.০০x১৭ =৬,৭১৫ মে. টন চাল এবং পার্বত্য চট্টগ্রামের ২৩টি উপজেলায় ২৩x০.৫x১৭ =১৯৫.৫০ মে. টন চালসহ সর্বমোট ৬,৯১০.৫০(ছয় হাজার নয়শত দশ দশমিক পাঁচ শূন্য) মে. টন চাল নিম্নোক্ত শর্তে বরাদ্দ অনুমোদন করা হলো:

শর্তসমূহ:

- (ক) ৩ মে ২০২৬ হতে ভোক্তাদের মাঝে ভর্তুকি মূল্যে চাল বিক্রয়ের লক্ষ্যে তালিকাভুক্ত ডিলারগণ কর্তৃক ২১ মে ২০২৬ তারিখের মধ্যে বরাদ্দকৃত সমুদয় চাল গুদাম হতে উত্তোলন করতে হবে;
- (খ) উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্তৃক সংশ্লিষ্ট ডিলারের মাধ্যমে সপ্তাহে ন্যূনতম ০২ দিন প্রতিটি বিক্রয় কেন্দ্রের আশেপাশের এলাকায় মাইক যোগে ভর্তুকি মূল্যে চাল বিক্রয়ের বিষয়ে জোরালোভাবে প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- (গ) উপজেলা খাদ্য নিয়ন্ত্রকগণ কর্তৃক উপজেলা পর্যায়ে সরকারি দপ্তরসমূহে এবং ইউনিয়ন পরিষদসমূহের নোটিশ বোর্ডে ৩০/- টাকা কেজি দরে চাল বিক্রয়ের দিন ও স্থানের বিষয়ে নোটিশ জারির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- (ঘ) নির্ধারিত সময়ের মধ্যে চাল উত্তোলনের সুবিধার্থে সারাদেশের গুদামসমূহে চলাচল সূচি অনুযায়ী চালের মজুত নিশ্চিত করার জন্য পরিচালক (চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ) কে নির্দেশনা প্রদান করা, যাতে গুদামে চালের মজুত স্বল্পতার কারণে চাল উত্তোলনের সময়সীমা বর্ধিত করতে না হয়;
- (ঙ) ডিলারের বিক্রয় কার্যক্রম মনিটরিং এর জন্য সংশ্লিষ্ট ওএমএস কমিটিকে নির্দেশনা প্রদান করতে হবে;
- (চ) উপজেলা পর্যায়ে নিয়োগকৃত ডিলার না থাকার ক্ষেত্রে, খাদ্যবান্ধব কর্মসূচির ডিলার হিসেবে লটারিতে/ বা এককভাবে ডিলার হিসেবে বিবেচিত হয়েছেন কিন্ত এখনো পর্যন্ত খাদ্যশস্য উত্তোলনের জন্য কার্যাদেশ দেয়া হয়নি, এমন ডিলারের মাধ্যমে অগ্রাধিকার ভিত্তিতে উপজেলা পর্যায়ের চাল বিতরণ করতে হবে; এবং
- (ছ) পরিচালক (সরবরাহ, বণ্টন ও বিপণন) প্রতি মাসের খাদ্যশস্য উত্তোলনের তথ্য আবশ্যিকভাবে পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করবেন।

০২। এ বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: উপজেলাওয়ারী চালের বিভাজন।



২৭-০৪-২০২৬

আরিফুল ইসলাম

উপসচিব (রুটিন দায়িত্ব)

ফোন :

ফ্যাক্স : +৮৮০২৯৫১৪৬৭৮

ইমেইল : dssupply1@mofood.gov.bd

মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর।

স্মারক নম্বর: ১৩.০০.০০০০.০০০.০৪৬.৫১.০০০১.২৬.৭৫/১ (৬)

তারিখ: ১৪ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ
২৭ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত সচিব, সংগ্রহ ও সরবরাহ অনুবিভাগ, খাদ্য মন্ত্রণালয়;
- ২। যুগ্মসচিব, সরবরাহ অধিশাখা, খাদ্য মন্ত্রণালয়;
- ৩। পরিচালক (চলতি দায়িত্ব), সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর;
- ৪। পরিচালক, চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ, খাদ্য অধিদপ্তর;
- ৫। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রীর দপ্তর, খাদ্য মন্ত্রণালয় এবং
- ৬। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, খাদ্য মন্ত্রণালয়।



২৭-০৪-২০২৬

আরিফুল ইসলাম

উপসচিব (রুটিন দায়িত্ব)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ
১৬, আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
<https://dgfood.gov.bd>

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০০০.০৫২.৫৭.০০১৪.১৯.৪২৯

তারিখ: ১৫ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ
২৮ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: ওএমএস (উপজেলা) কার্যক্রমে মে ২০২৬ মাসে চাল বিক্রয়ের অনুমোদন।

এ বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পত্রটি নির্দেশক্রমে পৃষ্ঠাংকন করা হলো।

Amf

২৮-০৪-২০২৬

মোঃ আফিফ-আল-মাহমুদ ভূঁঞা
উপপরিচালক

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রংপুর/রাজশাহী/বরিশাল/সিলেট/ময়মনসিংহ।

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০০০.০৫২.৫৭.০০১৪.১৯.৪২৯/১ (৬)

তারিখ: ১৫ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ
২৮ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব), অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর।
- ২। পরিচালক, চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ, খাদ্য অধিদপ্তর।
- ৩। উপসচিব (রুটিন দায়িত্ব), সরবরাহ-১ শাখা, খাদ্য মন্ত্রণালয়।
- ৪। অতিরিক্ত পরিচালক, এমআইএসএন্ডএম বিভাগ, খাদ্য অধিদপ্তর।
- ৫। জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল),
- ৬। মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর।



Amf

২৮-০৪-২০২৬

মোঃ আফিফ-আল-মাহমুদ ভূঁঞা
উপপরিচালক